

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২৬]

পর্ব-৬: সালাতের সময়সীমা (১ হান্চ)

পরিচ্ছেদঃ ১৬: মাগরিবের সালাতের পরে ঘুমানো মাকরূহ

كراهية النوم بعد صلاة المغرب

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قال: حَدَّثَنَا يَحْيَى، قال: حَدَّثَنَا عَوْفٌ، قال: حَدَّثَنِي سَيَّارُ بْنُ سَلَامَةَ، قال: دَخَلْتُ عَلَى أَبِي بَرْزَةَ فَسَأَلَهُ أَبِي: كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الْمَكْتُوبَةَ ؟ قَالَ: كَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حِينَ تَدْحَضُ وَسَلَّمَ يُصلِّي الْمَكْتُوبَةَ ؟ قَالَ: كَانَ يُصلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حِينَ تَدْحَضُ الشَّمْسُ، وَكَانَ يُصلِّي الْعَصْرَ حِينَ يَرْجِعُ أَحَدُنَا إِلَى رَحْلِهِ فِي أَقْصَى الْمَدينَةِ وَالشَّمْسُ حَيَّةٌ، وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَغْرِب، وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُوَخِّرَ الْعِشَاءَ الَّتِي تَدْعُونَهَا الْعَتَمَةَ وَكَانَ يَكْرَهُ النَّوْمَ قَبْلَهَا وَالْحَديثَ بَعْدَهَا، وَكَانَ يَنْفَتِلُ مِنْ صَلَاةِ الْغَدَاةِ حِينَ يَعْرِفُ الرَّجُلُ جَلِيسَهُ، وَكَانَ يَقْرَأُ بِالسِّيِّينَ إِلَى الْمِائَةِ .

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۴۹٦ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 526 _ صحيح

বাংলা

৫২৫. মুহাম্মাদ ইবনু বাশশার (রহ.) সাইয়়ার ইবনু সালামাহ্ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি (আমার পিতার সাথে) আবৃ বারযাহ্ (রাঃ) -এর নিকটে গেলাম। আমার পিতা রাসূলুল্লাহ (সা.) কিভাবে ফরয সালাত আদায় করতেন, এ সম্বন্ধে তাকে জিজ্ঞেস করলেন। তিনি বললেন, সূর্য ঢলে পড়লে যুহরের সালাত আদায় করতেন যাকে তোমরা প্রথম সালাত বলে থাক। তিনি এমন সময় আসরের সালাত আদায় করতেন যে, সালাত আদায় করে কেউ মদীনার এক প্রান্তে নিজ জায়গায় আসতে পারত এবং তখনো সূর্য আলোকোজ্জ্বল থাকত। বর্ণনাকারী সাইয়়ার (রাঃ) বলেন, মাগরিব সম্বন্ধে কি বলেছিলেন তা আমি ভুলে গেছি। ইশার সালাত যাকে তোমরা 'আত্বামাহ' বল, বিলম্বে আদায় করা পছন্দ করতেন। ইশার আগে ঘুমানো ও 'ইশার পরে কথা বলাকে



অপছন্দ করতেন। আর ফজরের সালাত আদায় করে এমন সময় ফিরতেন যে, তখন যে কেউ তার পাশের লোককে চিনতে পারত। আর সালাতে ষাট আয়াত হতে একশ আয়াত পর্যন্ত পাঠ করতেন।

English

16. That It Is Disliked To Sleep After The Maghrib Prayer

Sayyar bin Salamah said: I entered upon Abu Barzah, and my fatehr asked him: 'How did the Messenger of Allah () pray the prescribed prayers?' He said: 'He used to pray Zuhr, which you call Al-Uula (the first) when the sun passed its zenith; he used to pray 'Asr when one of us could go back to his hoome in the farthest part of Al-Madinah while the sun was still bright.' I forgot what he said about Maghrib. 'And he used to like to delay 'Isha', which you call Al-'Atamah, and he did not like to sleep before it nor talk after it. And he used to finish the Al-Ghadah (Fajr) prayer when a man could recognize his neighbor, and he used to recite (in it) between sixty and one hundred verses.'

ফুটনোট

সহীহ: বুখারী ৫৪৭, মুসলিম ৬৪৭। দ্রিঃ ৪৯৬]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সায়্যার ইবনু সালামাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন